

রেজিস্ট্রারের কার্যালয়

ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া


স্মারক নং-৫/ফা.কা.মা/শিক্ষা/ইবি-২০১৮/২৪৮৭

তারিখঃ ০৬/০৩/২০১৮

ফায়িল (স্নাতক) শ্রেণীর ঐচ্ছিক বিষয় পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে ফায়িল (স্নাতক) ও কামিল (স্নাতকোত্তর) মাদ্রাসার প্রধানগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ফায়িল (স্নাতক) শ্রেণীতে (তিন বছর মেয়াদী) ১ম বর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের মধ্যে যে সকল ছাত্র-ছাত্রী তাদের ৩য় বর্ষের (কেবলমাত্র BA ও BTIS গ্রুপের) ঐচ্ছিক বিষয় পরিবর্তন করতে ইচ্ছুক তাদেরকে সংশ্লিষ্ট মাদ্রাসার অধ্যক্ষের মাধ্যমে রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া বরাবর আগামী ২৮-০৩-২০১৮ইং তারিখের মধ্যে ঐচ্ছিক বিষয় পরিবর্তনের আবেদন করতে হবে। উল্লেখ্য, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে Immediate Year এর ছাত্র-ছাত্রী ইতোপূর্বে যারা BA ও BTIS গ্রুপের ৩য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারাও ৩য় বর্ষের ঐচ্ছিক বিষয় পরিবর্তন করতে পারবে। একজন ছাত্র/ছাত্রীর বিষয় পরিবর্তনের জন্য প্রতি বিষয় (তিন পত্র বিশিষ্ট) ৪৫০/= (চারশত পঞ্চাশ) টাকা হারে অগ্রণী ব্যাংকের যে কোন শাখা থেকে রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া এর অনুকূলে অগ্রণী ব্যাংক লিমিটেড, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখার উপর ডি.ডি. অথবা অগ্রণী ব্যাংক লিমিটেড, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় মাদ্রাসা সংক্রান্ত এডুকেশন ফান্ডে (চলতি হিসাব নং-১৫৩) নির্ধারিত রশিদের মাধ্যমে জমা দিয়ে ডি.ডি/রশিদের অংশ আবেদনের সাথে জমা দিতে হবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীর মূল রেজিস্ট্রেশন কার্ড অবশ্যই জমা দিতে হবে।

বিঃ দ্রঃ এ বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.iu.ac.bd -এ পাওয়া যাবে।


০৬/০৩/১৮
(এস এম আব্দুল লতিফ)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া।